গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং-৩৩.০২.০০০০.১১১.০২.০০১.২১ - ২৪১ তারিখঃ ১০ /১১/২০২১খ্রি:

বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের অর্থায়নে মৎস্য বীজ উৎপাদন খামার, বালিয়াকান্দি, রাজবাড়ী এর অফিস সংলগ্ন একটি কক্ষ নির্মান কাজ বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ এ সংক্রান্ত পত্র নং-৩৩.০২.০০০০.৩০১.৩৫.০০৩.১৭- ৩৮০ তারিখঃ ২১. ১০.২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে , মৎস্য বীজ উৎপাদন খামার, বালিয়াকান্দি, রাজবাড়ী এর অফিস সংলগ্ন একটি কক্ষ নির্মান কাজ বাস্তবায়নের জন্য অনধিক ৬,০০,০০০.০০ ( ছয় লক্ষ ) টাকার একটি প্রাক্কলন মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে । সে মোতাবেক এতদ্বারা ৬,০০,০০০.০০ ( ছয় লক্ষ ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হলো। প্রশাসনিক অনুমোদন পাওয়ার ১৫ ( পনের ) দিনের মধ্যে বরাদ্দ অনুসারে প্রাক্কলন সংশোধন করতঃ সংশ্লিষ্ট প্রকৌশলীদের সহায়তায় বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত রাজস্ব বাজেটে "অন্যান্য ভবন ও অবকাঠামো" খাতে বরাদ্দকৃত অর্থের আওতায় মৎস্য অধিদপ্তরের অবকাঠামো নির্মান, মেরামত ও সংরক্ষণ কাজের নির্দেশিকা অনুসরণ পূর্বক অনুমোদিত প্রাক্কলনের মধ্যে কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি বিধান অনুযায়ী বাস্তবায়ন করতঃ সম্পাদিত কাজের ভিত্তিতে চুড়ান্ত বিল অনুযায়ী ব্যয় নির্বাহের জন্য চাহিদার প্রেক্ষিতে পৃথকভাবে বরাদ্দ/আর্থিক মঞ্জুরী প্রদান করা হবে । চাহিদা পত্রের সাথে চূড়ান্ত বিলের কপি ও কাজ সমাপ্তির পর হস্তান্তর পত্র ইত্যাদি কাগজপত্রের সত্যায়িত ফটোকপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো । অন্যথায় আর্থিক মঞ্জুরী প্রদান করা হবে না ।

বিবেচ্য কাজ বাস্তবায়নে ব্যয়ের অর্থনৈতিক কোড ১৪৪০২০৭ - ৩২৫৮১০৭ "অনাবাসিক ভবন" । এ খাতে অর্থ প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দ/আর্থিক মঞ্জুরী প্রদান করা হবে ।

মহাপরিচালকের পক্ষে

(মোঃ আলীমুজ্জামান চৌধুরী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মোবাঃ ০১৭১১-১৭১৯৯৯
ই-মেইল:alimuzzamanc@gmail.com

খামার ব্যবস্থাপক
মৎস্য বীজ উৎপাদন খামার,
বালিয়াকান্দি, রাজবাড়ী ।

পত্র নং-৩৩.০২.০০০.১১১.০২.০০১.২১ - ২৪১ তারিখঃ ১০ /১১/২০২১খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঅনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মহাপরিচালক ,মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২। অতিঃ মহাপরিচালক ,মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ( মৎস্য পরিকল্পনা ও জরিপ ) ,মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। পরিচালক (অভ্যন্তরীন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫। উপ-পরিচালক, (অর্থ ও পরিকল্পনা ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা ।
৬। উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর , ঢাকা বিভাগ, ঢাকা।
৭। জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী ।
৮। উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা , বালিয়াকান্দি, রাজবাড়ী ।
১১। নির্বাহী প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকা ( সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত ) ।
১২। সহকারী প্রকৌশলী, উপ-পরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
১৩। উপ-সহকারী প্রকৌশলী, জেলা মৎস্য দপ্তর, রাজবাড়ী ।
১৪। অফিস কপি।

কাজটি সুষ্ঠভাবে তদারকি করত: বাস্তবায়ন নিশ্চিত করে বিল প্রত্যয়ন করার জন্য অনুরোধ করা হলো ।

(সরকার তারিকুল আলম)
নির্বাহী প্রকৌশলী